# ২০২৪

# বাংলা

## (অনার্স)

## (সি বি সি এস পদ্ধতি অনুযায়ী পুরাতন পাঠক্রম)

## তৃতীয় সেমেস্টার

## কোর্স কোড : BNGH-CC-T-6

## (উপন্যাস)

## [CBCS]

পূর্ণমান : ৬০ সময় : ২ ঘন্টা ৩০ মিনিট

দক্ষিণ-প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।

প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় হওয়া বাঞ্ছনীয়।

১। যে-কোনো **দশটি** প্রশ্নের উত্তর দাও: ২×১০=২০

ক) অমূল্য বিমলাকে কী নামে ডাকত? সে বিমলার কাছে কি খেতে চেয়েছিল?

খ) 'এখন তিনিই আমার সম্পত্তি-তিনিই আমার ভ্রমর-ভ্রমরাধিক ভ্রমর'— কার উক্তি? 'তিনি' বলতে কাকে বোঝানো হয়েছে?

গ) গোবিন্দলাল কীভাবে খুনের মামলা থেকে খালাস পেলেন?

ঘ) রতন ও ছটুলালের পরিচয় দাও।

ঙ) 'ঘরে বাইরে' উপন্যাসে বিমলা, নিখিলেশ ও সন্দীপের কটি করে আত্মকথা আছে?

(পরের পাতায়)

চ) বিমলার মা কেমন দেখতে ছিলেন?

ছ) 'এফিনিটি' বলতে সন্দীপ কী বুঝিয়েছে?

জ) মিস্ গিলবি কে? তাকে কেন নিখিলেশের বাড়ি ছাড়তে হয়?

ঝ) 'কৃষ্ণকান্তের উইল' উপন্যাসে নিশাকর কে?

ঞ) নতুনদা থিয়েটারে কী বাজাতো? তার বাড়ি কোথায় ছিল?

ট) বহুরূপীর নাম কি? তার বাড়ি কোথায়?

ঠ) 'শ্রীকান্ত' উপন্যাসে শাহজী কে? কীভাবে তার মৃত্যু হয়?

ড) 'কিন্তু ফেরবার পথ বন্ধ হয়ে গেছে, আমাদের দুজনেরই'— কে বলেছে? আমরা কারা?

ঢ) কৃষ্ণকান্ত কেমন চরিত্রের মানুষ ছিলেন?

ণ) কী জন্য ইন্দ্র কেঁদেছিল?

২। যে-কোনো **চারটি** প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) সন্দীপকে দেওয়ার জন্য বিমলা কোথা থেকে কিভাবে অর্থ সংগ্রহ করে?

খ) 'সাপুড়ের ঘরে সাপ ঢুকেছে, এ ত বড় আশ্চর্য!'— কে বলেছে? সাপ কি করে ঢুকল? বক্তা এরপর কি করল? ১+২+২=৫

গ) ঘরে বাইরে উপন্যাসে অমূল্যের ভূমিকার গুরুত্ব সম্পর্কে লেখো।

ঘ) মেজদা ও তার ভাইয়ের পড়াশুনো কিভাবে চলত লেখো। কে কোন্ ক্লাসে পড়ত?



ঙ) 'এই বিঠৌরা গ্রামের নামটি কেন আমার মনে আছে' - —কেন শ্রীকান্ত নামটি ভুলতে পারেনি? সেখানে কী ঘটে?

চ) জমিদার হিসেবে নিখিলেশ ও হরিশ কুন্ডুর পার্থক্য নির্ণয় করো।

৩। যে-কোনো **দুটি** প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) 'ঘরে বাইরে' উপন্যাসে সমকালীন রাজনীতি কতখানি গুরুত্বপূর্ণ ভূমিকা নিয়েছে বলে তোমার মনে হয়?

খ) নিখিলেশ ও সন্দীপের মধ্যে কাকে নায়ক বলে তুমি মনে করো এবং কেন? যুক্তি সহ লেখো।

গ) 'কৃষ্ণকান্তের উইল' উপন্যাসে রোহিণী চরিত্র বিশ্লেষণ করো।

ঘ) শ্রীকান্ত রাজলক্ষ্মীর জটিল সম্পর্কের স্বরূপ বিশ্লেষণ করো।

---